

পরিত্যক্ত ম্যাচে প্রশ্নের মুখে ব্যাটিং

▶▶ প্রথম পৃষ্ঠার পর

গাণিতিক সম্ভাবনাও নেই আইরিশদের, যা সরাসরি বিশ্বকাপের টিকিট পাইয়ে দিয়েছে প্রোচিয়াদের।

বাংলাদেশ দলের ব্যাটিংয়ের সঙ্গে লন্ডনের আবহাওয়ার মুহুর্তে ওলটপালট হওয়ার মিল খুঁজে পাওয়ার কারণ আছে। ২৪৬ কেন, ২০০-এর নিচে গুটিয়ে যাওয়ার উপক্রম হয়েছিল তামিম ইকবালদের। আবার সেই বিপর্যয় কাটিয়ে ৩০০ ছুঁয়ে ফেলে কি না, আলোচনা উঠেছিল। সেই পূর্বাভাসকে ভুল প্রমাণ করে আড়াই শর নিচে থামা বাংলাদেশের ক্রোর আরো কয়েকবার বাক বদল করেছে। এমন রুজুখাস সেই উত্থান-পতন যে খুঁটিনাটি মনে রাখাও কঠিন!

টস হেরে বাংলাদেশ যখন ব্যাটিংয়ে নেমে চতুর্থ বলেই লিটন দাসকে হারায় তখন চেমসফোর্ডের ক্লাউডএফএম কাউন্টি গ্রাউন্ডের গ্যালারির দখল নেওয়া প্রবাসী বাংলাদেশীদের মধ্যে নীরবতা নেমে আসে। আইপিএল থেকে উড়ে আসা জস লিটল যে স্বাগতিকদের মারণাস্ত্র হবেন, তার পূর্বাভাস ছিল। তাই বলে চতুর্থ বলেই মারণঘাতী ইয়র্কার! অধিনায়কের সঙ্গে কয়েক সেকেন্ডের কথাপকথানে রিভিউ নেওয়ার চিন্তা বাতিল করে সাজঘরে ফিরে আসেন লিটন। এরপর চতুর্থ ওভারে মার্ক অ্যাডাইরকে চালাতে গিয়ে অধিনায়ক নিজে উইকেটের পেছনে ক্যাচ দেওয়ার পর রোড ঝলমলে আকাশের নিচেও অস্বস্তিতে আক্রান্ত বাংলাদেশ।

এসব সময়ে যা হয় আর কি, সাকিব আল হাসান আসেন এবং সেই অস্বস্তি সরিয়ে সবাইকে আশার আলো দেখান।

ম্যাচ পরিষ্কৃতির সঙ্গে খুব মানানসই নয়, তবে কাট, ড্রাইভ খেলে সাকিবের দলীয় অস্বস্তি দূর করার প্রক্রিয়া বহুকাল আগে থেকেই জনপ্রিয়। অন্য প্রান্তে দুর্নস্ত ফর্মে থাকা নাজমুল হোসেন শান্ত। দুজনেই স্বচ্ছন্দে খেলছিলেন, যা ম্যান্সিকান ওয়েভ তুলে উদযাপন করেছেন প্রবাসীরা।

কিন্তু এই উদযাপন দীর্ঘস্থায়ী হয়নি। আইরিশ পেসার গ্রাহাম হিউমকে আড়াআড়ি হাঁকতে গিয়ে বোল্ড হয়ে যান সাকিব। অথচ এই উইকেটের দাবি ছিল সোজা ব্যাটে খেলার। নাজমুল যেমন অনায়াসে সোজা ব্যাটে বাউন্ডারিতে পাঠিয়েছেন আইরিশ 'জুজু' লিটলকে। শেষ দিকে আরো দুই উইকেট নিয়ে বোলিং ফিগার দর্শনীয় করেছেন বটে এই আইরিশ পেসার, যদিও সেই অংশটুকুর আগে ওভারপিছু সাতের বেশি রান গুনেছিলেন।


সাকিবের বিদায়ের পর নাজমুল ও তাওহীদ হুদয়ের জুটিতে আবার আশায় ভেলা ভাসিয়েছিল বাংলাদেশ। ইংলিশ কন্ডিশনে পেসারদের কিভাবে সামাল দেন, সেটি ব্যাড্টি আকর্ষণ ছিল এদিন। কাভার ড্রাইভে জোড়া বাউন্ডারিতে তাওহীদ ভরসা জুগিয়েছেন। কিন্তু হিউমের বুদ্ধিমত্তার কাছে হার মানতে হয়েছে তাঁকে। ৩১ বলে ২৭ আহামরি কিছু নয়। তবে ব্যাটিং মনোবৃত্তি প্রশংসনীয়। যদিও রানিং বিটইন দ্য উইকেট নিয়ে আরো আত্মবিশ্বাসী হওয়া দরকার তাওহীদের।

১২২ রানে বাংলাদেশ পঞ্চম উইকেট হারানোর পর একাদশ নিয়ে নতুন উপলব্ধি ছড়িয়ে পড়ে জনমনে। সাকিব ও মেহেদী হাসান মিরাজের মতো দুজন অলরাউন্ডার থাকতেও কেন একজন

ব্যাড্টি ব্যাটার নিল না বাংলাদেশে? আজ ভরাডুবি হলে একাদশ গঠনের ভাবনাকেই শূলে চড়ানো হবে, নির্ঘাত! কারণ ৭ নম্বরে মিরাজের পর ভরসা করার মতো আর কোনো ব্যাটার যে নেই।

নেই তো কী, 'বার্থডে বয়' মুশফিকুর রহিম আছেন। তারকাদের জন্মদিন আর গোপন কিছু নয়। চেমসফোর্ডের গ্যালারিতে বিশাল প্র্যাকার্ভে জন্মদিনের শুভেচ্ছা পেয়েছেন মুশফিক। ত্রিজে তাঁকে উপহার দিয়েছেন মিরাজ-দলের ওপর চেপে বসা চাপের বোঝা গোটাকয়েক বাউন্ডারিতে দূর করে দেওয়ার জন্য। আর আউটফিল্ডে মুশফিককে উপহার দিয়েছেন আইরিশ অধিনায়ক অ্যান্ড্রু বালবিরনি। বাংলাদেশের জ্যেষ্ঠতম ক্রিকেটারের একটি সহজ ক্যাচ তিনি ফেলেছেন পয়েন্টে। মুশফিকের সঙ্গে মিরাজের জুটি জমে যাওয়ার পরও বাংলাদেশ কেন নিদেনপক্ষে ২৭০-২৮০ করতে পারেনি, তা আলোচনার দাবি রাখে। বাংলাদেশকে নতুনভাবে উজ্জীবিত করা মিরাজের উইকেট দিয়ে আসা প্রথম কারণ। এরপর সেট হয়েও ও রকম বাউন্ডারি বল মুশফিক খুঁজে নিয়েছেন আইরিশ ফিল্ডারকে। বাকিটুকু বাংলাদেশের ভদ্র টেলএন্ডারদের সংগ্রামের গল্প। এখানেও রোমাঞ্চ আছে। শরিফুল রানের খাতা খুলেছেন ছক্কা দিয়ে, যা বাংলাদেশ ইনিংসেরই একমাত্র।


বিশ্বকাপের জন্য জয় ছাড়া বিকল্প ছিল না আয়ারল্যান্ডের সামনে। কিন্তু স্বাগতিকরা ১৬.৩ ওভারে ৩ উইকেটে ৬৫ রান তোলার পর সেই বিকল্প ধুয়ে নিয়ে গেছে বৃষ্টি।



পঞ্চাশ হামিনায় উদ্যোগ যত্নে করে বিদ্যুৎ

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।



মুজিব শতবর্ষ ১০০

দরপত্র বিজ্ঞপ্তি

১। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক পবিস নিজস্ব তহবিলের আওতায়ে নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	দরপত্র নং	ক্রয়তথ্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		
						গ্রহণ	খোলা	
০১	৭১/ ২০২২-২৩	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	১,০০০/-	২৪,৫০০/-	১১/০৫/২০২৩খ্রিঃ বৃহস্পতিবার হতে ২৪/০৫/২০২৩খ্রিঃ বুধবার পর্যন্ত।	২৫/০৫/২০২৩খ্রিঃ বৃহস্পতিবার দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত।	২৫/০৫/২০২৩খ্রিঃ দুপুর ১২-০৫ ঘটিকায়।	
০২	৭২/ ২০২২-২৩	হাউজ ওয়্যারিং মালামাল		১৫,০০০/-	৭,২০০/-			
০৩	৭৩/ ২০২২-২৩	ট্রান্সফরমার তৈল রিফাইন						

দরপত্র দলিল বিক্রয়, গ্রহণ ও খোলার স্থানসহ অন্যান্য শর্তাবলী কুমিল্লা পবিস-৩ এর ওয়েবসাইটে (<http://pbs3.comilla.gov.bd>) দেখার জন্য অনুরোধ করা হলো।

“বিদ্যুৎ খাতে শুদ্ধাচার দূর করবেই অন্ধকার”

(মুহাম্মদ নূরুল হোসাইন)
জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩